৫৮

তারিখ ...17 MAY 1997...
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইনকিলাব

# শ্রমিক-কর্মচারী সংগঠনের কার্যক্রমকে সরকারী দলের একক নিয়ন্ত্রণে আনার পরিকল্পনা

(প্রথম পৃষ্ঠার পর)

তাদের পারস্পরিক আলাপ-আলোচনা এবং গতিবিধিকে কড়া নজরে রেখে প্রয়োজনে হয়রানিমূলক বদলি, সাময়িক বরখাস্ত এবং চূড়ান্ত পর্যায়ে চাকরি চ্যুতির মত বড় ধরবের কোন শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হতে পারে বলে সূত্রে জানা গেছে।

এদিকে সংস্থাপন মন্ত্রনালয়ের এ সার্কুলারে বিভিন্ন স্তরের শ্রমিক-কর্মচারী নেতৃবৃন্দ এবং ট্রেড ইউনিয়ন কর্মকর্তাদের মধ্যে দারুন ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা সরকারী এই কার্যক্রমকে সুদূর প্রসারী রাজনৈতিক লক্ষ্যে ভিন্ন মতাবলম্বী শ্রমিক-কর্মচারীদের হহয়রানি এরং ট্রেড ইউনিয়ন কর্মকান্ডকে দলন-পিড়নের মাধ্যমে রসকারী দলের কর্তৃত্বে কুক্ষীগত করার নীল নক্সা হিসেবে আখ্যায়িত করেছেন। তারা এ ধরনের সরকারী কার্যক্রমকে গণতান্ত্রিক ব্যবস্থায় ট্রেড ইউনিয়ন কর্মকান্ড পরিচলনার মৌলিক অধিকার চর্চাকে বাধা গ্রস্ত করা বা হরণ করার পদক্ষেপ বলে অভিহিত করেছেন। বিভিন্ন ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ সরকারের এই দমনমূলক ব্যবস্থা আন্তর্জাতিক শ্রম সংস্থাসহ বিভিন্ন আন্তর্জাতিক শ্রমিক সংগঠনকে এবং বিভিন্ন গণতান্ত্রিক দেশের দূতাবাসসমূহকে অবহিত করার উদ্যোগ নিয়েছে বলে জানা গেছে।

বর্তমান সরকার ক্ষমতায় অসার পর এখন পর্যন্ত কোথাও শ্রমিক অসন্তেষের তেমন কোন ঘটনা ঘটেনি। এ ছাড়া ব্যাপকভিত্তিক কোন শ্রমিক আন্দোলনের তেমন কোন কর্মসূচীও ঘোষিত হয়নি। এ অবস্থায় বিশেষ রাজনৈতিক দলের সমর্থন পুষ্ট হয়ে সরকার বিরোধী আন্দোলনের তৎপরতার অজুহাত তুলে সরকার বিভিন্ন শ্রমিক-কর্মচারী সংগঠনের এবং তাদের নেতা-কর্মীদের সম্পর্কে যে ব্যবস্থা নিয়েছে তাতে বিভিন্ন জিজ্ঞাসার সৃষ্টি হয়েছে। শ্রমিক আন্দোলনের সাথে সংশ্লিষ্ট অভিজ্ঞ মহলের মতে সরকারী এই সিদ্ধান্ত সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। বস্তত ভিন্ন মতাবলম্বী শ্রমিক সংগঠন এবং তাদের নেতা-কর্মীদের হয়রানির মাধ্যমে ভীত সন্ত্রস্ত এবং অকার্যকর করে ফেলে বিভিন্ন প্রতিষ্ঠানে চিবিএসহ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ট্রেড ইউনিয়ন কর্মকান্ডকে এককভাবে সরকারী দলের কুক্ষিগত করার লক্ষ্যে এ ব্যবস্থা নেয়া হয়েছে। পরিষদের আওতাভুক্ত প্রাথমিকভাবে বাংলাদেশ সরকারী কর্মচারী সমন্বয় আওতাভুক্ত যে ৭৩টি প্রতিষ্ঠানকে প্রধানমন্ত্রীর দপ্তর থেকে তালিকাভুক্ত করে চিঠি দেওয়া হয়েছে সেগুলো হচ্ছে ঃ বাংলাদেশ ৪র্থ শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ৪৪৮/এ, মগবাজার, ঢাকা।

বাংলাদেশ গণপূর্ত বিভাগ কর্মচারী ইউনিয়ন, ১৫, আঃ গনি রোড। বাংলাদেশ মৎস্য অধিদপ্তর সরকারী কর্মচারী সংযুক্ত পরিষদ, মৎস্য ভব। বাংলাদেশ ডিপ্লোমা নার্সেস এসোসিয়েশন, ঢাকা মেডিকেল কলেজ। বাংলাদেশ সহকারী নার্সেস এসোসিয়েশন, ঢাকা মেডিকেল কলেজ। বাংলাদেশ রোডস এন্ড হাই ওয়েজ শ্রমিক ইউনিয়ন, তেজগাঁও। বাংলাদেশ সড়ক ও জনপথ কর্মচারী ইউনিয়ন সড়ক ভবন। বাংলাদেশ সড়ক ও জনপথ মেকানিক্যাল ওয়ার্কশপ এমপ্লইজ ইউনিয়ন, তেজগাঁও। ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট সরকারী কর্মচারী সমিতি, শিক্ষা ভবন। উপ-আনুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম কর্মচারী কল্যাণ সমিতি। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মচারী সমিতি, মালিবাগ। বিসিএস প্রশাসন একাডেমী কর্মচারী সমন্বয় পরিষদ, শাহবাগ। স্যানবেইজ কর্মচারী সমিতি, নিউ মার্কেট। ন্যায়েম কর্মচারী কল্যাণ সমিতি, নিউ মার্কেট। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি, ইস্কাটন গার্ডেন রোড। সাংস্কৃতিক মন্ত্রণালয়াধীন অধিদপ্তর ও প্রতিষ্ঠানিকসমূহের কর্মচারী ফোরাম, পাবলিক লাইব্রেরী। বাংলাদেশ প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতি, মিরপুর। বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সরকারী কর্মচারী সম্মিলিত পরিষদ, শিক্ষা ভবন। বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন কর্মচারী সমিতি,

তেজগাঁও। বাংলাদেশ পরিবার পরিকল্পনা মাঠ কর্মচারী সমিতি, আজিমপুর। বাংলাদেশ বন দাপ্তরিক মেনিস্টিয়াল কর্মচারী সমিতি, বন ভবন, মহাখালী। তথ্য অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি, বাংলাদেশ সচিবালয়। ঢাকা মশক নিবারণী সংস্থা কর্মচারী সমিতি, ঢাকেশ্বরী। গণযোগাযোগ অধিদপ্তর নন গেজেটেড কর্মচারী কল্যাণ সমিতি, সেগুন বাগিচা। শ্রম বিভাগীয় কর্মচারী কল্যাণ সমিতি, বিজয় নগর। পরিদর্শন ও সিহাব নিরীক্ষা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি, মতিঝিল। স্বাস্থ্য বিভাগীয় ৩য় শ্রেণী কর্মচারী কল্যাণ সমিতি, মহাখালী। চলচিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্মচারী সমিতি, বেইলী রোড। বাংলাদেশ রেলওয়ে শ্রমিক কর্মচারী পরিষদ, কমলাপুর। ভূমি রেকর্ড জরিপ অধিদপ্তর কর্মচারী ইউনিয়ন, তেজগাঁও। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ মিনিস্টিরিয়াল সার্ভিসেস এসোসিয়েশন, হইকোর্ট ভবন। বাংলাদেশ পরিবার কল্যাণ সহকারী সমিতি, আজিমপুর। বাংলাদেশ সড়ক ও জনপথ

শ্রমিক কর্মচারী ইউনিয়ন, সড়ক ভবন। বাংলাদেশ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী সমিতি, আজিমপুর। বাংলাদেশ পরিবার কল্যাণ পরিদর্শিকা সমিতি জনসংখ্যা ভবন, আজিমপুর। নিপোর্ট এমপ্লয়িজ ওয়েল ফেয়ার এসোসিয়েশন, আজিমপুর।

বাংলাদেশ গণপূর্তই/এম শ্রমিক কর্মচারী ইউনিয়ন, পূর্ত ভবন। বাংলাদেম ডিপ্লোমা নার্সেস এসোসিয়েশন, বক্ষব্যধি হাসপাতাল। বাংলাদেশ খাদ্য পরিদর্শক সমিতি, খাদ্য ভবন। গাজীপুর কর্মচারী ফোরাম, গাজীপুর। পাবলিক সার্ভিস কমিশন কর্মচারী সমিতি, পুরানা এয়ারপোর্ট রোড। ঢাকা শিশু হাসপাতাল এমপ্লইজ এসোসিয়েশন, শেরে বাংলা নগর। বীজ প্রত্যয়ণ এজেন্সী সরকারী কর্মচারী কল্যাণ পরিষদ, গাজীপুর। সাধারণ শিক্ষা প্রকল্প সমন্বয় সরকারী কর্মচারী সমিতি। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী সমন্বয় পরিষদ, কাকরাইল। বাংলাদেশ সরকারী উন্নয়ন প্রকল্প কর্মচারী সমিতি। যক্ষা নিয়ন্ত্রণ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী কল্যাণ সমিতি, চানখারপুর। বাংলাদেশ ডিপ্লোমা নার্সেস এসোসিয়েশন। বস্ত্র পরিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি, বস্ত্র ভবন, কাওরান বাজার। ডিপ্লোমা ফার্মাসিস্ট এসোসিয়েশন। হেলফ টেকনোলজিস্ট এসোসিয়েশন। হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ কর্মচারী সমন্বয় পরিষদ, মিরপুর। বাংলাদেশ আয়ুবেদীয় হাসপাতাল কর্মচারী সমিতি, মিরপুর। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিউট কর্মচারী সমিতি, কৃষি খামার সড়ক। সাভার ডাইরীফার্ম কর্মচারী সমন্বয় পরিষদ, মিরপুর। জাতীয় উদ্ভিদ উদ্যান কর্মচারী সমন্বয় পরিষদ, মিরপুর। চিড়িয়াখানা, কর্মচারী কল্যাণ সমিতি, মিরপুর। ভকেশনাল কর্মচারী সমিতি, মগবাজার। সরকারী কর্মচারী কল্যাণ পধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি, সেগুন বাগিচা। পুঁজি বিনিয়োগ বোর্ড কর্মচারী কল্যাণ সমিতি, মতিঝিল। আমদানী রফতানী অধিদপ্তর কর্মচারী সমিতি, মতিঝিল। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্মচারী সমিতি, ঢাকা। রেডিও বাংলাদেশ কর্মচারী কল্যাণ সমিতি, শাহবাগ, ঢাকা। সরকারী ড্রাইভার সমিতি, লিংক রোড, ঢাকা। গ্রন্থগার অধিদপ্তর কর্মচারী সমন্বয় পরিষদ, শাহবাগ, ঢাকা। হাউতিজং এন্ড বিল্ডিং রিচার্স ইনস্টিটিউট কর্মচারী সমন্বয় পরিষদ, দারুস সালাম, মিরপুর। সরকারী ইউনানীও আয়ুর্বেদীক ডিগ্রী কলেজ ও হাসপাতাল কর্মচারী সমন্বয় পরিষদ, মিরপুর, ঢাকা। কৃষি বিভাগ কর্মচারী সমিতি। খামারবাড়ী। পশু সম্পদ বিভাগ কর্মচারী কল্যাণ সমিতি। খাদ্য বিভাগ কর্মচারী সমিতি, খাদ্য ভবন। জাতীয় সঞ্চয় পরিষদ কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা। পরিবেশ অধিদপ্তর কর্মচালী কল্যাণ সমিতি ওসসরকারী চালক সমিতি